

পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২



OFFICE OF THE CONTROLLER OF
EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone: (off.) 8613280
9661900-59/4075
Fax: 88-02-9667222
E-mail: examcontrollera7c@du.ac.bd

মেমো নং:-১৭৪৫/শা-২(ক)/প.

তারিখ: ২৬ কার্তিক ১৪৩২
১১ নভেম্বর ২০২৫

- ০১। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
০২। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।

২০২২ ও ২০২৩ সনের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের যেসকল শিক্ষার্থীদের ২য় বর্ষের ক্রেডিট (২৬) পূর্ণ হয়নি সে সকল পরীক্ষার্থীদের বিশেষ পরীক্ষা।

মহোদয়,

সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজের ২০২২ ও ২০২৩ এবং সরকারি বাঙলা কলেজের ২০২২ সনের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের যে সকল শিক্ষার্থীদের ২য় বর্ষের ক্রেডিট (২৬) পূর্ণ হয়নি বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক সে সকল শিক্ষার্থীদের অবশিষ্ট একটি নন-মেজর পত্রে (যাতে পূর্বে অংশগ্রহণ করা হয়নি) পরীক্ষা গ্রহণের নিমিত্তে পরীক্ষার আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ কর্তৃক পূরণকৃত ফরম ভেরিফিকেশন, আনুষঙ্গিক নিয়ম, শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

ক্র. নং	পরীক্ষার্থীদের ফি এর বিবরণ	টাকা	পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরমপূরণ শুরু ও শেষ তারিখ	ঢাকা বিশ্ববিদ্যালয়ে ব্যাংক ড্রাফট, কাগজপত্র জমা ও অনলাইনে ভেরিফিকেশনের শেষ তারিখ
০১	তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে	৩০০/-	১৩/১১/২০২৫ থেকে ১৮/১১/২০২৫ পর্যন্ত।	১৯/১১/২০২৫

আবেদন ফরম পূরণ:

অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য):

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (7college.du.ac.bd) Form Fillup/(student.7college.du.ac.bd) এ গিয়ে লগইন করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরম পূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিন্টিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে। সংশোধন করার পর অবশ্যই সাবমিট করতে হবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেক্স/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ১৭/১১/২০২৫ তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজের ২০২২ ও ২০২৩ সনের ২য় বর্ষ ও সরকারি বাঙলা কলেজের ২০২২ সনের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের যে সকল শিক্ষার্থীদের ২য় বর্ষের ক্রেডিট (২৬) পূর্ণ হয়নি তারা শুধুমাত্র তাদের অবশিষ্ট একটি নন-মেজর পত্রে (যাতে পূর্বে অংশগ্রহণ করা হয়নি) আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০২২ ও ২০২৩ সনের উল্লিখিত কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের যে সকল শিক্ষার্থীদের ২য় বর্ষের ক্রেডিট (২৬) পূর্ণ হয়নি তাদের এই পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

অনলাইনে আবেদন ফরম ভেরিফিকেশন ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7college.du.ac.bd) Formfilup লিংক (<https://www.student.7college.du.ac.bd>) এ গিয়ে কলেজ লগইন করে “আন ভেরিফাইড” লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে, শিক্ষার্থীর ফরমপূরণের ফিস জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের শর্ত পূরণ করলে কলেজ কর্তৃপক্ষ ভেরিফাই করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফাই হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

ফিস জমাদানের পদ্ধতি:

পরীক্ষার্থীদের বিশেষ পরীক্ষার ফি'র টাকা কলেজ কর্তৃপক্ষকে “Seven College Student fees” শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৯৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে।



আপনার বিশ্বস্ত



(ড. হিমাদ্রি শেখর চক্রবর্তী) 1 NOV 2025
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

ঢাকা বিশ্ববিদ্যালয়

Email: examcontrollera7c@du.ac.bd

 
11.11.2025 11.11.2025